

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং-১৪/মুসক/২০২২, তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ মোবাইল অপারেটরগণ কর্তৃক বিটিআরসি'কে চতুর্থ প্রজন্মের (4G) লাইসেন্স ব্যবহারের শর্ত অনুযায়ী প্রদত্ত রেভিনিউ শেয়ারিং এর বিপরীতে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

যেহেতু, মোবাইল অপারেটরগণ গ্রাহকদের নিকট হইতে যে সেবামূল্য আদায় করে তাহার উপর ১৫ শতাংশ হারে মুসক পরিশোধের পর প্রাপ্ত নীট অর্থ হইতে রেভিনিউ শেয়ারিং হিসাবে ৫.৫ শতাংশ অর্থ চতুর্থ প্রজন্মের (4G) লাইসেন্স ব্যবহারের শর্ত অনুযায়ী বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি) কে প্রদান করিয়া থাকে; এবং

যেহেতু, রেভিনিউ শেয়ারিং হিসাবে পরিশোধযোগ্য রাজস্বের উপর উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর বিধি ৩ এর উপ-বিধি (৫) অনুযায়ী বিটিআরসি কর্তৃক ১৫ শতাংশ হারে মূল্য সংযোজন কর উৎসে আদায়/কর্তনের বাধ্যবাধকতা রহিয়াছে এবং এই ক্ষেত্রে দ্বৈত মূল্য সংযোজন কর আরোপিত হইয়া যায়;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি) কে চতুর্থ প্রজন্মের (4G) লাইসেন্স ব্যবহারের শর্ত অনুযায়ী রেভিনিউ শেয়ারিং হিসাবে মোবাইল অপারেটর কর্তৃক প্রদেয় রাজস্ব হইতে উৎসে মূল্য সংযোজন কর কর্তন/আদায় থেকে অব্যাহতি প্রদান করিল।

২। এই আদেশ ০১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( কাজী ফরিদ উদ্দীন )

প্রথম সচিব (মুসক নীতি)